

3711 - যে নারী তার দুঃখপোষ্য সন্তানের ক্ষতি হওয়ার ভয়ে রোয়া রাখেননি

প্রশ্ন

জনৈক নারী রম্যান মাসে সন্তান প্রসব করেছেন। রম্যানের পরে দুঃখপোষ্য সন্তানের ক্ষতি হওয়ার আশংকা থেকে রোয়াগুলোর কায়া পালন করেননি। এরমধ্যে সে নারী আবার গর্ভবতী হয়েছেন এবং আগামী রম্যানে প্রসব করেছেন। তার জন্যে কি রোয়া রাখার পরিবর্তে অর্থ বিলি করা জায়ে হবে?

প্রিয় উত্তর

এ নারীর উপর ওয়াজিব হল তিনি যে দিনগুলোর রোয়া রাখেননি সে দিনগুলোর বদলে রোয়া রাখা। এমনকি সেটা দ্বিতীয় রম্যানের পরে হলেও। কেননা তিনি প্রথম রম্যান ও দ্বিতীয় রম্যানের মধ্যবর্তী সময়ে ওজরের কারণে কায়া পালন থেকে বিরত থেকেছেন। আমি জানি না শীতের দিনে একদিন বাদ দিয়ে একদিন রোয়া রাখা কি তার জন্যে কষ্টকর হবে; এমনকি তিনি যদি দুধ পান করান তবুও? আশা করি আল্লাহ্ তাকে সে শক্তি দিবেন এবং এভাবে রোয়া রাখলে তার স্বাস্থ্যের উপর কিংবা তার দুধের উপর নেতৃত্বাচক কোন প্রভাব পড়বে না। তাই তার উচিত যে রম্যান পার হয়ে গেছে দ্বিতীয় রম্যান আসার আগে সে রম্যানের রোয়া কায়া পালন করতে সচেষ্ট হওয়া। আর যদি সেটা সম্ভবপর না হয় তাহলে দ্বিতীয় রম্যানের পরে রাখতেও কোন অসুবিধা নেই।